

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website : www.lgd.gov.bd

৪৬.০২০.০০৪.০১.০০.০৮১.২০১৬- ৭৫৪

তারিখ : ২২/০১/১৬

বিষয় : রীট পিটিশন নং-৮৫৯/২০১৬, বাদী জনাব কে. এম. খালেকুজ্জামান, পিতা- মৃত আব্দুল জব্বার খালিফা, গ্রাম-অনন্তপারা, থানা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী-বনাম-সরকার ও অন্যান্য।

পটুয়াখালী জেলাধীন কলাপাড়া উপজেলার ধুলাসার ইউনিয়ন এর ০২ টি ওয়ার্ড বিলুপ্ত হওয়ার কারণে পুনঃগঠন করার আবেদন সংক্রান্ত বিষয়ে উল্লিখিত বাদী বাংলাদেশ সরকারের সচিব, স্থানীয় সরকার বিভাগ এবং অন্যান্যদের প্রতিপক্ষ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ৮৫৯/২০১৬ নং রীট মামলাটি দায়ের করেন। বাদী কর্তৃক দাখিলকৃত রীট মামলায় মহামান্য আদালত প্রতিপক্ষগণকে জবাব প্রদান করার জন্য রুলনিশি জারী করেছে। মহামান্য আদালতে মামলা প্রতিদ্বন্দিতার লক্ষ্যে সরকারের পক্ষে ইংরেজিতে দফাওয়ারী জবাব দাখিল করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, সরকারী স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দিতা করতঃ সময় অত্র বিভাগকে অবহিত করতে হবে। ইংরেজিতে অনুচ্ছেদ ওয়ারী ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরি ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : রুলের কপি।

(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৪০৯৯৫।

- ১। জেলা প্রশাসক
পটুয়াখালী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার
কলাপাড়া, পটুয়াখালী।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। সিনিয়র সহকারী সচিব (ইপ-১), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।